

বয়সের আগে চুল সাদা হয়ে গেলে কি কালো কলপ দেয়া যাবে?

প্রশ্ন:

আমার বয়স যখন আট বছর তখন থেকে আমার মাথার চুল সাদা। এখন আমার বয়স ২৬ বছর। আমার প্রশ্ন হল, আমার জন্য কি চুলে কালো রং ব্যবহার করা বৈধ হবে?

প্রশ্নকারী- কামরুল

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

জী ভাই, আপনার জন্য প্রশ্নোক্ত সূরতে কালো কলপ ব্যবহার করা বৈধ হবে। কারণ, চুলে কালো খেযাব ব্যবহার করা মূলত তাদের জন্য নিষিদ্ধ, যাদের চুল স্বাভাবিক বয়সের কারণে পাকে। পক্ষান্তরে যাদের চুল বয়স হওয়ার আগে, অন্য কোনো কারণে পাকে, তাদের জন্য চুলে কালো খেযাব লাগানো নিষেধ নয়। তবে উত্তম হল, কালো রংয়ের সাথে সামান্য মেহেদীর রং মিশ্রিত করে নেয়া। অবশ্য যখন থেকে মানুষের স্বাভাবিক চুল পাকা শুরু হয়, তখন আর এ কালো রং ব্যবহার করা আপনার জন্য জায়েয হবে না। -যাদুল মাআদ, মুআসসাসাতুর রিসালাহ: ৪/৩৩৭, তাকমিলাতু ফাতহিল মুলহিম, দারুল কলম: ৪/৮৮, সহীহ বোখারীর

টাকা, সাহরানপুরী রহ: ১/৫৩০, তুহফাতুল আহওয়াযি, দারুল
কুতুবিল ইলমিয়াহ, ৫/৩৬১

فقط. والله أعلم بالصواب

মুফতি আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-১১-২৪৪১ হি

১৬-০৭-২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ